# Official Spokesperson's response to media queries on opinion of the Working Group on Arbitrary Detention concerning the case of Mr. Christian James Michel

February 26, 2021

# মিঃ ক্রিশ্চিয়ান জেমস মিশেলের নির্বিচার আটক সম্পর্কে কার্যনির্বাহী দলের মতামত বিষয়ে গণমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

ফেব্রুয়ারি 26, 2021

**মিঃ ক্রিশ্চিয়ান জেমস মিশেলের নির্বিচার আটক সম্পর্কে কার্যনির্বাহী দলের মতামত বিষয়ে গণমাধ্যমের প্রশ্নের জবাবে, সরকারী মুখপাত্র শ্রী আনুরাগ শ্রীবাস্তব বলেছেন:**

সরকারি তরফে সংবাদ প্রকাশের আগেই ক্রিশ্চিয়ান জেমস মিশেলের নির্বিচার আটক সম্পর্কে কার্যনির্বাহী দলের সদস্যদের কাছ থেকে বেফাঁস মন্তব্যের খবর আমাদের কানে এসেছে।

প্রথমেই আমরা স্পষ্ট করে জানিয়ে দিতে চাই, যেহেতু কার্যনির্বাহী দল বিচার বিভাগীয় সংস্থা নয়, তাই সদস্য রাষ্ট্রগুলিতে এই মতামত আইনত গ্রাহ্য নয়।

2020 সালের জুন মাসে এই বিষয়ে ভারত সরকার কার্যনির্বাহী দলের অনুরোধে যথাসময়ে তাদের প্রয়োজনীয় তথ্য প্রদান করে।

আমরা দুঃখিত যে কার্যনির্বাহী দলের দ্বারা উপনীত সিদ্ধান্তগুলি কোনও অজ্ঞাত উৎস থেকে সীমিত তথ্য এবং পক্ষপাতযুক্ত অভিযোগের ভিত্তিতে প্রাপ্ত এবং সেগুলি ভারতীয় ফৌজদারি ব্যবস্থা সম্পর্কে ভুল ধারণা প্রচার করে।

দু'টি সার্বভৌম রাজ্যের মধ্যে স্বাক্ষরিত প্রত্যর্পণ চুক্তির বিধান অনুসারে আসামীকে সম্পূর্ণভাবে হস্তান্তর করা হয়েছিল। যথাযথ আইনী প্রক্রিয়া অনুসারে গ্রেপ্তার করা এবং পরবর্তীকালে হেফাজতে রাখা হয়েছিল যা কোনও ভাবেই যুক্তি বা নিয়মবর্হিভূত বিবেচিত হয় না।

অভিযুক্তকে কখনোই আইনী পরামর্শ বা ন্যায্য শুনানির অধিকার থেকে বঞ্চিত করা হয়নি। তিনি একাধিকবার বিচারব্যবস্থার জন্য উচ্চআদালতে যেতে সক্ষম হয়েছেন, তার থেকেই এই বিষয়টি প্রমাণ হয়। কনস্যুলেটে যোগাযোগের ক্ষেত্রেও কোনও নিষেধ ছিলনা। তাকে অন্যান্য কারাবন্দীদের সাথে সমতুল বিবেচনা করা হয়েছে এবং নিয়ম অনুসারে কারাগার কর্তৃপক্ষ তাকে সমস্ত সুবিধা প্রদান

করেছে।

কার্যনির্বাহী দলের মনে রাখা উচিত ছিল যে বিচার বিভাগীয় মানবাধিকার লঙ্ঘনের অভিযোগের বিরুদ্ধে ভারতে একটি দৃঢ় প্রতিকারমূলক ব্যবস্থা আছে এবং ভারত প্যারিস প্রিন্সিপলের অন্যতম 'জাতীয় মানবাধিকার কমিশনে'র প্রথম শ্রেণীর অনুবর্তী।

কার্যনির্বাহী গোষ্ঠী কর্তৃক প্রদত্ত মতামতের ভিত্তিতে যে অভিযোগগুলি তৈরি হয় তা সঠিক তথ্যের পরিপন্থী। ভারত সরকার তাই, কার্যনির্বাহী গোষ্ঠী প্রদত্ত মতামত প্রত্যাখ্যান করে।

মানবাধিকার কাউন্সিলের একজন দায়িত্বশীল সদস্য হিসাবে ভারত, সকলের মানবাধিকারের প্রচার ও সুরক্ষার জন্য ভারতীয় আইনের অধীনে সম্ভাব্য সকল সহযোগিতা অব্যহত রাখবে।

**নিউ দিল্লি**
**ফেব্রুয়ারি 26, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.